

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং:-১২.০১.৮৯৯০.০০১.০৪.০০১.২৪-৩৭৯


তারিখ: ১৮/০৯/২০২৪খ্রি.

বিষয়ঃ বিসিআইসি, বিএডিসি এবং খুচরা সার বিক্রেতাদের জন্য নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অত্র উপজেলার সাধারণ কৃষকদের স্বার্থে সকল লাইসেন্সধারী বিসিআইসি, বিএডিসি এবং খুচরা সার বিক্রেতাদের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- নির্দিষ্ট লাইসেন্সের বিপরীতে অবশ্যই নির্দিষ্ট বিক্রয়কেন্দ্র থাকতে হবে। চুক্তিপত্রে উল্লেখিত বিক্রয়কেন্দ্র অন্যত্র স্থানান্তর করা যাবে না।
- লাল সালু কাপড়ে সারের মূল্য তালিকা দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে।
- মজুদ রেজিস্টার এবং বিক্রয় রেজিস্টার হালনাগাদ থাকতে হবে।
- কৃষি মন্ত্রণালয় ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক নিষিদ্ধ কোন পণ্য বিক্রয় বা মজুদ করা যাবে না।
- সার উত্তোলনের সাথে সাথে উপজেলা কৃষি অফিসার, শ্রীবরদী, শেরপুরকে আগমনী বার্তা প্রদান করতে হবে।
- সার বিক্রয়ের সময়ে অবশ্যই ক্যাশমেমো প্রদান করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই নির্দেশনা প্রদান করা হলো, যার ব্যত্যয় ঘটলে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০০৯ এর অনুচ্ছেদ নং ১১.৭ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।


১৮/০৯/২০২৪

(সাবরিনা আফরিন)
উপজেলা কৃষি অফিসার
শ্রীবরদী, শেরপুর

প্রাপক

মেসার্স -----সারডিলার/খুচরা সার বিক্রেতা

-----বাজার


শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং:-১২.০১.৮৯৯০.০০১.০৪.০০১.২৪-৩৭৯(১২৮)

তারিখ: ১৮/০৯/২০২৪খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শেরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
- ৩। অফিস নথি।


১৮/০৯/২০২৪

(সাবরিনা আফরিন)
উপজেলা কৃষি অফিসার
শ্রীবরদী, শেরপুর